গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস
ফিল্ড প্রশাসন শাখা
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা।

নং-৫২.০১.০০০০.১০২.৫৫.১৪৭.১৫-

তারিখ: ১৪২৩ বঙ্গাব্দ / ২০১৬ খ্রিস্টাব্দ

প্রাপক: উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা
উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়
তারাগঞ্জ, রংপুর।

বিষয়: অবসর ভাতা ও আনুতোষিক মঞ্জুরী।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এফএ এন্ড এমআইএস এর আওতাধীন রংপুর জেলার তারাগঞ্জ উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের অবসরপ্রাপ্ত পরিসংখ্যান তদন্তকারী জনাব মো. আব্দুল মান্নানকে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ০৫/০৭/১৯৮৯ তারিখের নং- অম/অবি/১-৩পি/২৮/৮৫/৬১ ও ৬২ সংখ্যক স্মারক এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন শাখা-১ এর ১৪ অক্টোবর ২০১৫ তারিখের প্রজ্ঞাপন নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৫-৮১ মোতাবেক ০৩-০১-২০১৭ তারিখ হতে চূড়ান্ত অবসর গ্রহণের প্রেক্ষিতে ইএলপিসি অনুযায়ী সর্বশেষ আহরিত মূল বেতন ২৪,৮৭০/- টাকার ৯০% হারে গ্রস পেনশন বাবদ মোট ২২,৩৮৩/- (বাইশ হাজার তিনশত তিরাশি) টাকা নির্ধারণ করা হলো।

০২। উক্ত গ্রস পেনশন ২২,৩৮৩/- (বাইশ হাজার তিনশত তিরাশি) টাকার ৫০% ভাগ বা ১ম অর্ধাংশ ১১,১৯১/৫০ (এগারো হাজার একশত একানব্বই টাকা পঞ্চাশ পঁয়সা) টাকার প্রতি ১/- (এক) টাকার বিনিময়ে ২৩০/- (দুইশত ত্রিশ) টাকা হারে সমর্পিত মূল্য বাবদ (১১,১৯১/৫০ x ২৩০/-)= ২৫,৭৪,০৪৫/- (পঁচিশ লক্ষ চুয়াত্তর হাজার পঁয়তাল্লিশ) টাকা মাত্র এককালীন থোক আনুতোষিক হিসেবে নির্ধারণ করা হলো এবং অবসর ভাতার অবশিষ্ট ৫০% ভাগ বা ২য় অর্ধাংশ ১১,১৯১/৫০ (এগারো হাজার একশত একানব্বই টাকা পঞ্চাশ পঁয়সা) টাকা মাত্র নীট মাসিক অবসর ভাতা হিসেবে মঞ্জুর করা হলো।

০৩। উক্ত আনুতোষিক বাজেট কোড "৩-১৬৩৫-০০০১-৬৩১১" খাত হতে বহন করা হবে এবং সোনালী ব্যাংক লিমিটেড, কাচারী বাজার শাখা, রংপুর হতে জনাব মো. আব্দুল মান্নান কর্তৃক আহরিত হবে।

০৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ মঞ্জুরী আদেশ জারি করা হলো।

মো. মনিরুজ্জামান
পরিচালক (যুগ্মসচিব)
ফোন : ০২-৮১২৯১৫৮
monirdirectorbbs@yahoo.com

নং-৫২.০১.০০০০.১০২.৫৫.১৪৭.১৫- ০১

তারিখ: ২৮ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ / ০১ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

(১) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রংপুর।
(২) উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, রংপুর।
(৩) প্রোগ্রামার, ওয়েব সাইট শাখা, কম্পিউটার উইং, বিবিএস, ঢাকা।
(৪) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, কাচারী বাজার শাখা, রংপুর।
(৫) উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, তারাগঞ্জ, রংপুর।
(৬) আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
(৭) জনাব মো. আব্দুল মান্নান, পরিসংখ্যান তদন্তকারী,
উপজেলা পরিসংখ্যান কার্যালয়, তারাগঞ্জ, রংপুর।